গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

নম্বর ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৭.২৭৩

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০৯ মার্চ ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সিলেট বিভাগের আওতাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৫ (পনেরো) টি | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ । |
| ০২ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০৩ (তিন) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ০৩ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০৪ (চার) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :</u>

(১) প্রার্থীর বয়সসীমা ২১/০৩/২০২১খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে।তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

(৩) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের জন্য নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(৬) চাকুরির জন্য আবেদন অনলাইনে আগামী **২১ মার্চ ২০২১** তারিখ সকাল ১০:০০ টা হতে **০৯ এপ্রিল ২০২১** তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(i) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।

(ii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশন/পৌরসভার/মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(iii) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।

(iv) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(v) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

(vi) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

(vii) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(viii) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

(৮) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(৯) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(১১) অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://divsl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১/০৩/২০২১ খ্রি: , সকাল- ১০:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময়: ০৯/০৪/২০২১ খ্রি: , বিকাল- ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ.Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি(দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য পরীক্ষার ফি ১০০/- টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং অফিস সহায়ক ও পরিচ্ছন্নতাকর্মী পদের জন্য পরীক্ষার ফি ৫০/- টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DIVSL User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL ABCDEF

Reply: Applicant's Name, Tk 112.00- (অথবা 56.00) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIVSL Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DIVSL Yes PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DIVSL Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://divsl.teletalk.com.bdওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS- এ প্রেরিত User ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DIVSL Help User User ID & Send to 16222 .

Example: DIVSL Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: DIVSL Help PIN PIN No & Send to 16222 .

Example: DIVSL Help PIN 12345678 & send to 16222.

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা divcomsylhetestablish@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(১২) অসত্য/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(১৩) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(১৪) আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

(১৬) কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

(১৭) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

(১৮) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১-৩-২০২১

মোঃ মশিউর রহমান এনডিসি

বিভাগীয় কমিশনার

ফোন: ০৮২১-৮৪০০০২

ফ্যাক্স: ০৮২১-৮৪০০২০
ইমেইল:
divcomsylhet@mopa.gov.bd

সদয় অবগতি এবং নিজ ও অধঃস্তন অফিসের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৫) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।
৬) জেলাপ্রশাসক, সিলেট (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭) জেলাপ্রশাসক, সুনামগঞ্জ (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮) জেলাপ্রশাসক, হবিগঞ্জ (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯) জেলাপ্রশাসক, মৌলভীবাজার (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
১১) পুলিশ সুপার, সিলেট।
১২) পুলিশ সুপার, সুনামগঞ্জ।
১৩) পুলিশ সুপার, হবিগঞ্জ।
১৪) পুলিশ সুপার, মৌলভীবাজার।
১৫) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,সমাজসেবা অধিদফতর,সিলেট
১৬) সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৭) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ১৪ মার্চ ২০২১ তারিখের পূর্বে কয়েকদিন বেতারে প্রচারের অনুরোধসহ)।
১৮) সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ ও বিজ্ঞাপন, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং- ৮০৭ (৮ম তলা), ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
২১) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
২২) পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
২৩) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট।
২৪) উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
২৫) উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
২৬) সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
২৭) জেলা রেজিস্ট্রার, সিলেট।
২৮) জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
২৯) কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার, জেলা কমান্ড।
৩০) সম্পাদক/প্রকাশক,, . . . .. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ., সিলেট (সৌজন্যে সংবাদ প্রকাশের জন্য)।
৩১) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩২) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।